



চিঠিপত্র

letters.ittfaq@gmail.com

জেএসসি পরীক্ষা ২০১৫-এর বিজ্ঞান প্রশ্নে ভুল

সদা সমাগু ঢাকা বোর্ডের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, ২০১৫-এর বিজ্ঞান বিষয়ে 'ক.সেট' প্রশ্ন সরবরাহ করা হয়। এই প্রশ্নে কয়েকটি ভুল লক্ষ করা যায়—

১। সৃজনশীল প্রশ্ন নং ২ (ঘ) : নিউটনের তৃতীয় সূত্রের আলোকে উদ্দীপকে উল্লেখিত ওজনের সন্ধান ও বিপরীতমুখী প্রতিক্রিয়া বলের ব্যাখ্যা কর।

শিফার্বর্ষ ২০১৫-এর অষ্টম শ্রেণির বিজ্ঞান বইয়ে 'নিউটনের তৃতীয় সূত্র' সম্পর্কে কোনো আলোচনা নেই। সুতরাং অষ্টম শ্রেণির একজন ছাত্রের কাছে বিষয়টি বিভ্রান্তিকর।

২। বহুনির্বাচনি অজীক্ষা নং ২৪ : মহাকাশের অংশ বল'মনে করা হয় কোনটিকে?

(ক) নক্ষত্র (খ) বায়ুমণ্ডল (গ) ছায়াপথ (ঘ) পৃথিবী।

অষ্টম শ্রেণির বিজ্ঞান বইয়ে মহাকাশ সম্পর্কে যে আলোচনা আছে সে অনুসারে প্রশ্নটি ভুল। যদি প্রশ্নটি করা হতো— 'মহাকাশের অংশ বল'মনে করা হয় না কোনটিকে? তাহলে উত্তর হতো— (খ) বায়ুমণ্ডল

৩। বহুনির্বাচনি অজীক্ষা নং ২৫ : বৃহস্পতি গ্রহের কয়টি উপগ্রহ?

(ক) ১৩ টি (খ) ১৪ টি (গ) ১৫ টি (ঘ) ১৬ টি।

অষ্টম শ্রেণির বিজ্ঞান বইয়ে বৃহস্পতি গ্রহের উপগ্রহ সংখ্যা ৬৩ টি লেখা আছে। সুতরাং প্রশ্নটি ভুল।

৪। বহুনির্বাচনি অজীক্ষা নং ৩৮ : মিষ্টিতে কোন প্রকারের খাদ্য উপাদান আছে?

(ক) আমিষ (খ) খেতসার (গ) প্রোটিন (ঘ) স্নেহ।

অষ্টম শ্রেণির বিজ্ঞান বইয়ে মিষ্টি সম্পর্কে নির্দিষ্ট করে কিছু লেখা নেই। বিষয়টি বিভ্রান্তিকর।

৫। বহুনির্বাচনি অজীক্ষা নং ৩৯ : কোন ভিটামিনের কারণে একজিমা হয়?

(ক) ভিটামিন এ (খ) ভিটামিন বি (গ) ভিটামিন সি (ঘ) ভিটামিন ডি।

অষ্টম শ্রেণির বিজ্ঞান বইয়ের ১১৮ পৃষ্ঠায় লেখা আছে, 'অত্যাবশ্যকীয় চর্বি জাতীয় অ্যাসিডের অভাবে শিশুদের একজিমা রোগ হয়।' উদ্দীপকে আছে, 'আম্রিতা ঝাল ও মিষ্টি খেতে খুব পছন্দ করে। কিন্তু ভিটামিন 'সি' জাতীয় কোনো খাবার তার পছন্দ নয়। ফলে সবসময় তার একজিমা এবং চামড়া খসখসে থাকে।' উদ্দীপক অনুসারে 'ভিটামিন সি'-এর অভাবে একজিমা হয়। ভিটামিন সি-এর কারণে নয়। সুতরাং প্রশ্নটি ভুল।

এই ভুলগুলোর ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মো. কামাল উদ্দিন বাহাদুর,
দা.পা. ইদ্রাকপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ